বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাজীপুর সদর,গাজীপুর
www.sadar.gazipur.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

## অক্টোবর/২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : সৈয়দ মোরাদ আলী, উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
সভার তারিখ : ২৪/১০/২০২২ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

উপস্থিত ও অনুপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (পরিশিষ্ট-"ক" তে সংযুক্ত)

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রঃ | বিষয়বস্তু/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | অপরাধচিত্র পর্যালোচনা ঃ<br>এ উপজেলার সকল ইউনিয়নের অপরাধ চিত্র পর্যালোচনা করা হয়। সেপ্টেম্বর/২২ মাসের অপরাধ চিত্র নিম্নরূপ (মামলার সংখ্যা): চুরি-০২টি, আত্মহত্যা-০০ টি, ডাকাতি-০০টি, দস্যুতা-০০, নারী শিশু মামলা ০০টি, অপহরণ-০০টি ধর্ষণ মামলা-০০টি, খুন-০০টি, মাদক-০৩টি, এবং অন্যান্য মামলা ০৬ টি রুজু করা হয়। | ১.১। এ উপজেলার সকল ইউনিয়নের অপরাধ প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত ভাবে এ সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>১.২। উপজেলার প্রতি মাসের ১ম সপ্তাহে মাসের অপরাধ চিত্র এর হালনাগাদ তথ্য উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>১.৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত জরুরী হটলাইন নম্বর সমূহ থানা ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অফিসার ইনচার্জ জয়দেবপুর থানা,<br>২. গাজীপুর সদর থানা,<br>৩. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি আলোচনা ঃ<br>সভাপতি গাজীপুর সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক/নিয়ন্ত্রণে রাখার জন্য কোন প্রকার অপরাধ সংঘটনের খবর পাওয়া গেলে সাথে সাথে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার জন্য পুনরায় অনুরোধ জানান।<br>প্রতিটি ইউনিয়ন পরিষদ ভবন ও ইউনিয়নের সকল বাজার এবং গুরুত্বপূর্ণ স্থানে মাননীয় প্রধানমন্ত্রীর মাস্ক পরিধানের সুস্পষ্ট নির্দেশনা "NO MASK NO ENTRY এবং NO MASK NO SERVICE" লিখা ব্যানার প্রদর্শন এবং দৃঢ়ীকরণ করা। এছাড়াও ইউনিয়ন পরিষদ ভূমি অফিস, কমিউনিটি ক্লিনিক, থানা, পুলিশ ফাড়িসহ সরকারি অফিসে কেউ মাস্ক ছাড়া প্রবেশ করতে পারবে না মর্মে অবহিত করেন। | ২.১। এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক/ নিয়ন্ত্রণে রাখার জন্য কোন প্রকার অপরাধ সংঘটনের খবর পাওয়া গেলে সাথে সাথে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে। স্থানীয় জনপ্রতিনিধিগণ সজাগ দৃষ্টি রাখবেন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত জরুরী হটলাইন নাম্বার ইউনিয়ন থেকে প্রচার করবেন।<br>২.২। দুর্ঘটনা ও যানজটরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনামতে মহাসড়কে ইজিবাইক ও থ্রি হুইলার চলাচল বন্ধ করতে নিয়মিত মোবইল কোর্ট পরিচালনা করণ এবং হাইওয়ে পুলিশ কে টহল বাড়িয়ে তাদের চলাচল নিয়ন্ত্রণ করবেন।<br>২.৩। হাইওয়ের পাশে এবং গুরুত্বপূর্ণ স্থানে যেখানে সেখানে যানবাহন অকারনে থামতে দেয়া যাবে না<br>২.৪। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কোন শিক্ষার্থী মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে পারবে না। মাধ্যমিক শিক্ষা ও শিক্ষা অফিসারগণ বিষয়টি তদারকি করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার কে অবহিত করবেন। শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মাস্ক বাধ্যতামূলক করতে হবে।<br>২.৫। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করতে হবে।<br>২.৭। হাইওয়ের পাশে এবং গুরুত্বপূর্ণ স্থানে যেমন- ঢাকা-ময়মনসিংহ হাইওয়ের হোতাপাড়া, ভবানীপুর, বাঘের বাজার এলাকায় করাত কলের গাছ যেন রাস্তার উপর না রাখে সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.৮। হাইওয়েতে যানবাহনের তেল চুরি নিয়ন্ত্রণে আনতে যৌথ অভিযান পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় এবং বিষয়টি তদারকির জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করা হয়।<br>২.৯। হাইওয়েতে ঝুকিপূর্ণ স্থানসমূহে স্ট্রিট লাইট এবং রাস্তার পাশের ৫০ ফিট গাছ কেটে বা নিলাম করে ফাকা করার জন্য বন বিভাগ কে অনুরোধ করা হয়।<br>২.১০। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও স্বাভাবিক রাখতে ইউনিয়ন পরিষদের সদস্যগণ গ্রাম পুলিশ এবং এলাকার যুবসমাজ কে নিয়ে ওয়ার্ডভিত্তিক গ্রাম প্রতিরক্ষা কমিটি গঠন করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার,গাজীপুর সদর, গাজীপুর।<br>২। অফিসার ইনচার্জ জয়দেবপুর থানা ও গাজীপুর মেট্রো থানা<br>৩। পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাজীপুর সদর<br>৪। উপজেলা শিক্ষা অফিসার, গাজীপুর সদর<br>৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর সদর<br>৬। মহিলা বিষয়ক কর্মকর্তা, গাজীপুর সদর<br>৭। ইউপি চেয়ারম্যান (সকল) গাজীপুর সদর<br>৮। তথ্য কর্মকর্তা, গাজীপুর সদর<br>৯। মেম্বার, সকল ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর |

| | | | |
|---|---|---|---|
| ৩। | <u>মাদক দ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা ঃ</u><br>সভায় মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়, পাচার সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১। মাদক পাচারকারী, ক্রয়-বিক্রয়কারীদের তথ্য পাওয়া গেলে আইন-শৃংঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করে আইনের আওতায় আনতে হবে।<br>৩.২। মাদক বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং কোর্টের আওতার বহির্ভূত মাদক পাওয়া গেলে তার জন্য নিয়মিত আইনে মামলা দায়ের করতে হবে।<br>৩.৩। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা অফিসার অভিবাবক সমাবেশের মাধ্যমে মাদক বিরোধী সভা আহ্বান করবেন।<br>৩.৪। প্রত্যেক মসজিদে প্রতি শুক্রবার দিন জুমার নামাজে খুদবায় ইমামগণ অবশ্যই মাদক বিরোধী আলোচনা করবেন।<br>৩.৫। উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ তাদের স্ব স্ব কার্যক্রম পরিচালনার সময় ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সভায় মাদক বিরোধী আলোচনা করবেন।<br>৩.৬। জুয়া ও মাদক বিরোধী অভিযান পরিচালনার জন্য ওসি ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অফিসকে নির্দেশনা প্রদান করা হয়<br>৩.৭। মাদক নিরাময় কেন্দ্র সমূহ সুষ্ঠভাবে পরিচালনার প্রেক্ষিতে মাদক নিরাময় কেন্দ্র সমূহের তালিকা প্রস্তুত করে পরিদর্শন বাড়াতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট, গাজীপুর সদর<br>২। অফিসার ইনচার্জ জয়দেবপুর/সদর থানা গাজীপুর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর<br>৪। মসজিদের ইমামগণ |
| ০৪ | <u>গ্রাম আদালত সংক্রান্ত আলোচনাঃ</u><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান যে, ইউনিয়ন পরিষদে বাদী পক্ষ মামলা দায়ের পর বাদী ও বিবাদীকে নোটিশ দিয়ে মামলাগুলো নিস্পত্তি করার জন্য সভা আলোচনা করা হয়। এ বিষয়ে মামলার বাদী/বিবাদীকে হাজির করার বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিগণ উদ্যোগ নিবেন মর্মে আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালতের মামলাসমূহ জরুরী ভিত্তিতে নিস্পন্ন করার অনুরোধ করেন। এছাড়া ০৪(চার) টি ইউনিয়নের গ্রাম আদালতের মামলা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেপ্টেম্বর/২০২২ মাসের ইউনিয়নওয়ারী গ্রাম আদালতের মামলার তথ্যাদি নিম্নরূপঃ | ৪.১। সকল ইউনিয়ন পরিষদে অবিলম্বে গ্রাম আদালতের কার্যক্রম স্বাষ্থ্য বিধি মেনে সক্রিয় করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.২। অনিস্পন্ন মামলাসমূহ জরুরী ভিত্তিতে নিস্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। গ্রাম আদালতে দায়েরকৃত, নিস্পত্তিকৃত ও অনিস্পত্তিকৃত মামলার মাসিক তথ্যাদি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.৩। প্রত্যেক ইউনিয়নের মামলা দায়ের সংখ্যার চেয়ে মামলা নিস্পত্তির সংখ্যা বেশি হতে হবে।<br>৪.৪। গ্রাম আদালত অবমাননা করা হলে তাদের বিরুদ্ধে আইন ও বিধি মেনে ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),<br>ইউপি সদস্য, ইউনিয়ন পরিষদ (সকল) |

গ্রাম আদালত সংক্রান্ত পরিসংখ্যান

| ক্রঃ নং | ইউনিয়ন পরিষদের নাম | পূর্ব মাসের জের | আলোচ্য মাসে দায়েরকৃত মামলা | মোট মামলার | আলোচ্য মাসে নিস্পত্তিকৃত মামলা | মাসের শেষে পেন্ডিং মামলার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মির্জাপুর | ০২ | ০০ | ০২ | ০১ | ০১ |
| ০২ | পিরুজালী | ০২ | ০২ | ০৪ | ০২ | ০২ |
| ০৩ | ভাওয়ালগড় | ০৪ | ০১ | ০৫ | ০২ | ০৩ |
| ০৪ | বাড়িয়া | ০৯ | ০২ | ১১ | ০১ | ১০ |
| মোট | | ১৭ | ০৫ | ২২ | ০৬ | ১৬ |

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৫ | <u>চোরাচালান বিরোধী অভিযান:</u> গাজীপুর সদর উপজেলাটি সীমান্তবর্তী উপজেলা না হলেও যে সকল স্থানে চোরাচালান সংঘটিত হবার আশংকা রয়েছে অথবা যে সকল স্থানে চোরাচালানকৃত মালামাল ক্রয়-বিক্রয় করা হয় সে সকল স্থানসহ অন্যান্য স্থানে পুলিশ টহল জোরদার, চোরাচালান বিরোধী অভিযান করার বিষয়ে পুনরায় আলোচনা করা হয় | ৫.১। যে সকল সম্ভাব্য স্থানে চোরাচালানের ঘটনা ঘটতে পারে অথবা যে সকল স্থানে চোরাচালানকৃত পণ্য ক্রয় বিক্রয় করা হয় ঐ সকল স্থানে পুলিশী টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ জয়দেবপুর থানা ও গাজীপুর সদর থানা |

<table>
<tr><td>০৬</td><td>ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা<br>প্রতিটি ইউনিয়ন পর্যায়ে গঠিত আইন-শৃঙ্খলা কমিটি মাসে কমপক্ষে ১টি সভা আহ্বান করে জনগণকে উদ্বুদ্ধকরণসহ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। প্রতি মাসের সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, প্রতিটি ইউনিয়নে মাসে ০১(এক)টি এবং প্রতিটি ওয়ার্ডে মাসে ০১টি করে নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে সেপ্টেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সভার তালিকা নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>ইউনিয়নের নাম</th><th>ইউঃ পর্যায়ে সভার সংখ্যা</th><th>ওয়ার্ডের সংখ্যা</th><th>ওয়ার্ড পর্যায়ে সভার সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>মির্জাপুর</td><td>০১</td><td>০৯</td><td>০৯</td></tr>
<tr><td>২</td><td>ভাওয়ালগড়</td><td>০১</td><td>০৯</td><td>০৯</td></tr>
<tr><td>৩</td><td>পিরুজালী</td><td>০১</td><td>০৯</td><td>০৯</td></tr>
<tr><td>৪</td><td>বাড়িয়া</td><td>০১</td><td>০৯</td><td>০৯</td></tr>
</table></td><td>৬.১। প্রতিটি ইউনিয়ন পর্যায়ে গঠিত আইন-শৃঙ্খলা কমিটি মাসে কমপক্ষে ১টি সভা আহবান করবেন।<br>৬.২। সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পূর্বক সভার কার্য-বিবরণী ও নোটিশ এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬.৩। নিয়মিত ওয়ার্ড ভিত্তিক আইনশৃঙ্খলা কমিটির সভা করতে হবে।<br>৬.৪। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পিরুজালী ইউনিয়নের ৪নং ওয়ার্ডকে মডেল ঘোষণা করা হয় এবং সকল ইউনিয়নের সকল ওয়ার্ডকে তাদের কৌশল অনুসরণ করতে বলা হয়।<br>৬.৭। অপরাধপ্রবণ এলাকায় যেমনঃ হালডেবা ও বিমানঘাট এলাকায় আলোর ব্যবস্থা এবং জঙ্গল পরিষ্কার করা এবং পুলিশের টহল বাড়ানোর কথা বলা হয়।</td><td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)<br>গাজীপুর সদর<br>গাজীপুর</td></tr>
<tr><td>০৭</td><td>বাল্য বিবাহ প্রতিরোধঃ<br>বাল্যবিবাহ প্রতিরোধের জন্য স্থানীয় জনপ্রতিনিধি ও আইনশৃঙ্খলা বাহিনীকে সজাগ দৃষ্টি রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>৭.১। বাল্য বিবাহ রোধে সরকারি বিধানের বাইরে যদি কোন কাজী, পুরোহিত বা ইমাম বাল্যবিবাহ পরিচালনা করেন তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৭.২। জন্ম নিবন্ধন সনদ ব্যতীত কোর্ট ম্যারেজ এর মাধ্যমে বাল্য বিবাহ সম্পন্ন হয়, তার তথ্য উপস্থাপনের জন্য পুলিশ ম্যাজিস্ট্রেসি সভায় প্রেরণ করতে হবে।<br>৭.৩। ম্যারিজ রেজিস্ট্রেশনের জন্য নিবন্ধনের পাশাপাশি ছবি রাখারও সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। অফিসার ইনচার্জ জয়দেবপুর থানা ও গাজীপুর সদর থানা<br>২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), গাজীপুর সদর ৩। ইউপি সদস্য ইউনিয়ন পরিষদ (সকল) ৪। ইসলামিক ফাউন্ডেশন, গাজীপুর</td></tr>
<tr><td>০৮</td><td>সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জনগণকে সম্পৃক্তকরণঃ<br>সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>৮.১। প্রতিটি ইউনিয়নের অপরাধ প্রবণতা রোধ করার জন্য ইউপি মেম্বারগণকে ওয়ার্ড ভিত্তিক বৈঠক করে জনসচেতনতা সৃষ্টিপূর্বক অপরাধ প্রবণতা রোধ করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.২। সুশীল সমাজের প্রতিনিধিগণ ও উপজেলার প্রত্যেক মসজিদের ইমাম/খতিব এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবেন।</td><td>১। অফিসার ইনচার্জ জয়দেবপুর থানা ও গাজীপুর সদর থানা<br>২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), গাজীপুর সদর<br>৩। মসজিদের ঈমাম, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান</td></tr>
<tr><td>০৯</td><td>মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্তঃ<br>গাজীপুর সদর উপজেলায়, উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর কর্তৃক সেপ্টেম্বর/২০২২ মাসে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়</td><td>৯.১। মাদক ও অবৈধ ভূমি দখলদারদের বিরুদ্ধে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৯.২। হাইওয়েতে অটোরিক্সা চলাচল নিয়ন্ত্রণের জন্য মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>৯.৩। উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভূক্ত সকল আইনে প্রয়াগসিদ্ধভাবে সততা ও দক্ষতার সাথে সরকার নির্ধারিত প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গাজীপুর সদর, গাজীপর</td></tr>
<tr><td>১০</td><td>বিবিধ আলোচনাঃ</td><td>১০.১। বিদ্যুৎ সাশ্রয়ে রাত ৮টার পর থেকে দোকান বন্ধের বিষয়ে নজরদারী বৃদ্ধি করতে হবে এবং বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে সকলের সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>১০.২। এস.এস.সি, এইচ.এস.সি. দাখিল, ভোকেশনাল ও বার্ষিক পরীক্ষা কে সামনে রেখে শুষ্ক মৌসুমে বিভিন্ন এলাকায় আয়োজিত ওয়াজ মাহফিলে শব্দ দূষণ বন্ধের জন্য মাইকের পরিবর্তে সাউন্ড বক্স ব্যবহার করতে হবে। সভাস্থলের বাইরে কোন মাইক/সাউন্ডবক্স ব্যবহার করা যাবে না। ওয়াজ মাহফিলে সরকার বিরোধী বা রাষ্ট্রবিরোধী কোন আলোচনা করা যাবে না ও কোন ধরনের উষ্কানীমূলক আলোচনা যেন না হয় সে বিষয়ে নজরদারী বৃদ্ধি করতে হবে।</td><td>১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
</table>

০২। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১০/২০২২
সৈয়দ মোরাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার
গাজীপুর সদর, গাজীপুর
ফোন নং ৯২০৪৮৬৩(অফিস)
Email: unogazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩০.০০০.৯৯.০৪৪.১৯- ৭৪৭

তারিখ : ৯৯ কার্তিক ১৪২৯
২৭ অক্টোবর ২০২২

বিতরণ- কার্যার্থে [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]:

ক) উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত উপদেষ্টাবৃন্দ :

০১। জনাব আলহাজ্ব এডভোকেট আ.ক.ম. মোজাম্মেল হক, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর -১ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গাজীপুর সদর, গাজীপুর।
০২। জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সংসদ সদস্য, গাজীপুর-২ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গাজীপুর সদর, গাজীপুর।
০৩। বেগম মেহের আফরোজ, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-৫ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গাজীপুর সদর, গাজীপুর।
০৪। জনাব মুহাম্মদ ইকবাল হোসেন সবুজ, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-৩ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গাজীপুর সদর, গাজীপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি গাজীপুর সদর, গাজীপুর।
০৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।

খ) উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ:

০১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গাজীপুর সদর, গাজীপুর।
০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।
০৩। অফিসার ইনচার্জ, জয়দেবপুর, গাজীপুর ।
০৪। সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, গাজীপুর।
০৫। উপজেলা শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপর।
০৭। উপজেলা সমাজসেবা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
০৮। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।
০৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।
১০। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।
১১। অধ্যক্ষ, ভাওয়াল মির্জাপুর কলেজ, মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর।
১২। অধ্যক্ষ, মুক্তিযোদ্ধা কলেজ, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর।
১৩। অধ্যক্ষ, কালনী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, বাড়িয়া, গাজীপুর সদর, গাজীপুর।
১৪। প্রধান শিক্ষক, ভবানীপুর উচ্চ বিদ্যালয়, ভাওয়ালগড়, গাজীপুর সদর, গাজীপুর।
১৫। চেয়ারম্যান, মির্জাপুর ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।
১৬। চেয়ারম্যান, পিরুজালী ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।
১৭। চেয়ারম্যান, ভাওয়ালগড় ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।
১৮। চেয়ারম্যান, বাড়িয়া ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।
১৯। উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডার, গাজীপুর সদর।
২০। সভাপতি/সাধারণ সম্পাদক, গাজীপুর প্রেস ক্লাব, গাজীপুর।
২১। জনাব.......................................................গাজীপুর সদর, গাজীপুর।
২২। অফিস কপি।

গ) অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]:

০১। কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।
০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, গাজীপুর।
০৩। পুলিশ সুপার, গাজীপুর।
০৪। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।

২৪/১০/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
গাজীপুর সদর, গাজীপুর